# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 23-01-2025** **Time: 7-50 P.M.**

---

**বিশেষ বিশেষ খবরঃ–**

১) যথোচিত মর্যাদায় বীর বিপ্লবী নেতাজী সুভাষ চন্দ্র বসুর ১২৯ তম জন্মদিনটি আজ সারা দেশে পরাক্রম দিবস হিসাবে উদযাপিত হচ্ছে।

প্রধানমন্ত্রী বলেছেন, নেতাজীর অনুপ্রেরণাতেই ভারতকে বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতির দেশ হিসাবে গড়ে তুলতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ।

২) পরপর আবাসন হেলে পড়ার ঘটনার মধ্যেই বাগুইআটি এবং দক্ষিণ নারায়ণপুরে আজ ফের আবাসন হেলে পড়ায় বাসিন্দাদের মধ্যে তীব্র আতঙ্ক ছড়িয়েছে।

৩) রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প ও পরিষেবার সুযোগ মানুষের কাছে পৌঁছে দিতে নবম দুয়ারে সরকার কর্মসূচি আগামীকাল শুরু হচ্ছে। চলবে পয়লা ফেব্রুয়ারি পর্যন্ত।

৪) পশ্চিমী ঝঞ্ঝার কারণে রাজ্যে তাপমাত্রা উর্ধ্বমুখী। ঘন কুয়াশায় পূর্ব বর্ধমানে দুজনের মৃত্যু হয়েছে।

৫) কল্যাণীতে রঞ্জি ট্রফি ম্যাচের প্রথম দিনে বাংলার বিরুদ্ধে হরিয়ানা প্রথম ইনিংসে ১৫৭ রান করেছে।

---

যথোচিত মর্যাদায় বীর বিপ্লবী নেতাজী সুভাষ চন্দ্র বসুর ১২৯ তম জন্মদিনটি আজ সারা দেশে পরাক্রম দিবস হিসাবে উদযাপিত হচ্ছে। দিনটি উপলক্ষে নানা অনুষ্ঠানে নেতাজীর জীবনাদর্শ, সংগ্রাম এবং বাণীর মধ্যে দিয়ে স্মরণ করা হচ্ছে নেতাজীকে।

ভয়েস নেতাজী

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, নেতাজীর অনুপ্রেরণাতেই ভারতকে বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতির দেশ হিসাবে গড়ে তুলতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। সুভাষ চন্দ্র বসুর জন্ম জয়ন্তী উপলক্ষে এক বার্তায় শ্রী মোদী বলেন, সমগ্র বিশ্ব এখন ভারতের দিকে তাকিয়ে। বিকশিত ভারত গড়ে তুলতে সকলকে একজোট হয়ে এগিয়ে চলার আহ্বান জানান তিনি।

বাইট মোদী

পশ্চিমবঙ্গে নেতাজীর জন্মবার্ষিকী উপলক্ষে সর্বত্র পদযাত্রা, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে নেতাজীর প্রতি শ্রদ্ধা নিবেদন করা হচ্ছে। আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন।

ভয়েসকাস্ট

বর্ধমানে এক বিশেষ অনুষ্ঠানের সঙ্গে প্রধানমন্ত্রী পরীক্ষা পে চর্চা অনুষ্ঠানের জন্য পড়ুয়াদের উৎসাহিত করতে এক ক্যুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। কেন্দ্রীয় সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রকের **ভারত হ্যায় হাম** সিরিজের নির্বাচিত অংশ দেখানো হয় পড়ুয়াদের। ক্যুইজে জেলার ১০ টি স্কুলের ছাত্রছাত্রীরা অংশ নেন।

---------------------

লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী, নেতাজী সুভাষচন্দ্র বসুকে অসম্মান করেছেন বলে, বিজেপি অভিযোগ করেছে। দক্ষিণ দিনাজপুরের বালুরঘাটে জেলা কার্যালয়ে আজ নেতাজির জন্মজয়ন্তী পালন অনুষ্ঠানে দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, নেতাজির জন্মদিনে শ্রদ্ধা জানাতে গিয়ে রাহুল গান্ধী তাঁর সোশ্যাল মিডিয়া বার্তায় নেতাজির মৃত্যু দিন উল্লেখ করেছেন। সুভাষ বোসের মৃত্যু রহস্য নিয়ে গঠিত বিভিন্ন কমিশন পৃথক মতামত দিয়েছে এবং সর্বশেষ যে কমিশন গঠিত হয়েছে, তারাও জানিয়েছে, ১৯৪৫ সালের ১৮ ই আগস্ট তা তাইহকু বিমান দুর্ঘটনায় নেতাজীর মৃত্যু হয়নি। এরপরেও দেশের বিরোধী দলনেতার পদে থেকে রাহুল গান্ধী যে মন্তব্য করেছেন, সে জন্য তাঁর দেশের মানুষ, নেতাজী অনুরাগীদের কাছে ক্ষমা চাওয়া উচিত বলে শ্রী মজুমদার দাবি করেন।

---------------------

আসন্ন সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজে এবার পশ্চিমবঙ্গের ট্যাবলো অংশ নিচ্ছে। রাজ্য সরকারের লোক প্রসার প্রকল্পকে সামনে রেখে এবং নারী ক্ষমতায়নে লক্ষীর ভান্ডার প্রকল্পের ভূমিকাকে তুলে ধরে ওই ট্যবলো পরিকল্পনা করা হয়েছে। জঙ্গলমহলের প্রেক্ষাপট ও টেরাকোটা মন্দিরের আদলে ট্যাবলোটিকে সাজিয়ে তোলা হয়েছে। ছৌ এবং বাউল শিল্পীরা পরিবেশন করবেন রাজ্যের তরফে সাংস্কৃতিক অনুষ্ঠানে রাজ্যের এই বিষয় ভাবনা ইতোমধ্যেই কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের সংশ্লিষ্ট নির্বাচক কমিটির ছাড়পত্র পেয়েছে।

---------------------

রাজ্যে একের পর এক বাড়ি হেলে পড়ার ঘটনায় সাধারণ মানুষের মধ্যে আতঙ্ক ছড়িয়েছে। ট্যাংরা, বাঘাযতীন, আগরপাড়ার পর বাগুইআটির জগৎপুরে দুটি আবাসন

হেলে পড়েছে। বিধাননগর পৌর নগমের ২৩ নম্বর ওয়ার্ডের নেতাজী পল্লীতে একটি বিল্ডিং পাশের বিল্ডিং-এর ওপর বেশ খানিকটা হেলে গেলে সেটিও সামনের দিকে হেলে পড়ে। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, পুকুর বুজিয়ে কয়েক ছটা জমির ওপর আবাসনগুলি গড়ে তোলা হচ্ছে। এরফলেই এই বিপত্তি। স্থানীয় কাউন্সিলর ঝিঙ্কু মন্ডল বিষয়টি নিয়ে বিধাননগর পৌরনিগমে লিখিত অভিযোগ জানিয়েছেন।

এদিকে, তিন নম্বর ওয়ার্ডের দক্ষিণ নারায়ণপুর অঞ্চলেও একটি আবাসন হেলে পড়ে। খবর পেতেই সেখানকার বাসিন্দাদের আজ নিরাপদ আশ্রয় সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে। জানা গেছে, গোটা আবসনটাই অবৈধভাবে নির্মাণ করা হয়েছিল।

কষ্টার্জিত অর্থে কেনা ফ্ল্যাট এভাবে হেলে পড়তে দেখে দিশেহারা বাসিন্দারা।

অন্যদিকে, গোটা বিষয়টি নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক চাপানোতর।

---------------------

রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প ও পরিষেবার সুযোগ মানুষের কাছে পৌঁছে দিতে নবম দুয়ারে সরকার কর্মসূচি আগামীকাল থেকে শুরু হচ্ছে। চলবে পয়লা ফেব্রুয়ারি পর্যন্ত। সকাল ১০টা থেকে শুরু হয়ে বিকাল ৪টে পর্যন্ত কাজ চলবে। বিভিন্ন এলাকায় শিবির করে মোট ৩৭ টি প্রকল্পের সুবিধার জন্য আবেদন জমা নেওয়া হবে।

---------------------

রাজ্য সরকার হাওড়ার সাঁকরাইলে একটি রাবার পার্ক গড়ে তুলবে। প্রকল্পটি রূপায়ণ হলে দেড় হাজার কোটি টাকার লগ্নির পাশাপাশি ১০ হাজার কর্ম সংস্থান হবে বলে রাজ্যের শিল্প ও বাণিজ্য মন্ত্রী শশী পাঁজা জানিয়েছেন। কলকাতায় এক অনুষ্ঠানে

তিনি বলেন, কেন্দ্রীয় বাণিজ্য মন্ত্রক, পশ্চিমবঙ্গ শিল্প উন্নয়ন নিগম ও রাজ্য সরকারের মিলিত উদ্যোগে পিপিপি মডেলে পার্কটি গড়ে উঠছে। সেখানকার ১৭১ টি প্লটের মধ্যে ইতোমধ্যেই ১৩০ টি বন্টন করা হয়েছে। রাবার শিল্পে রাজ্যকে উল্লেখযোগ্য স্থান হিসাবে গড়ে তুলতে এই পার্ক অন্যতম ভূমিকা নেবে বলে মত প্রকাশ করেন তিনি।

---------------------

কৃত্রিম বুদ্ধিমত্তা থেকে শুরু করে ডিজিটাল পরিকাঠামোর বহুল ব্যবহারে এবারের প্রয়াগরাজের মহাকুম্ভ মেলা পুরদস্তুর প্রযুক্তি নির্ভর। পুণ্যার্থীদের জন্য চালু করা ডিজি কুম্ভ অ্যাপও বিপুল জনপ্রিয়তা পেয়েছে। আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন।

ভয়েসকাস্ট

---------------------

মাঘ মাস পড়ে গেলেও পশ্চিমী ঝঞ্ঝার প্রভাবে কনকনে শীত উধাও। তাপমাত্রাও স্বাভাবিকের ওপরে। প্রায় সব জেলাতেই ভোরের দিকে ঘন কুয়াশাছন্ন আবহাওয়া থাকছে। চলতি সপ্তাহে তাপমাত্রা ঊর্ধ্বমুখীই থাকবে। কলকাতায় আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৭ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা ১ দশমিক ২ ডিগ্রি বেশি।

এদিকে, কলকাতা, দুই ২৪ পরগনা, দুই মেদিনীপুর, নদীয়া ও দুই বর্ধমানে আগামীকালও ঘন কুয়াশার হলুদ সতর্কতা জারী করা হয়েছে। ঘন কুয়াশার কারণে বর্ধমানে আজ দুটি পৃথক ঘটনায় দুজনের মৃত্যু হয়েছে। আহত চারজন।

---------------------

কল্যাণীতে আজ চারদিনের রঞ্জি ট্রফির ম্যাচের প্রথম দিনে বাংলার বিরূদ্ধে হরিয়ানা প্রথম ইনিংসে ১৫৭ রান করেছে। দিনের শেষে বাংলা এক উইকেটে ১০ রান করেছে। অঙ্কিত চ্যাটার্জি ৫ এবং রোহিত কুমার কোন রান না করে অপরাজিত আছেন। টসে জিতে বাংলা হরিয়ানাকে ব্যাট করতে পাঠায়। অঙ্কিত কুমার ৫৭ রান করেন। বাংলার সুরজ সিন্ধু জয়শোয়াল ছয়টি উইকেট নিয়েছেন। মুকেশ কুমার ও মহম্মদ কাইফ দুটি করে উইকেট নেন। বাংলা এখন হরিয়ানার চেয়ে ১৪৭ রানে পিছিয়ে রয়েছে।

--------------------- ---------------------